

নাম ভাঙিয়ে টাকা আদায়, মাদরাসা শিক্ষকদের সতর্ক থাকার নির্দেশ

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

এমপিওসহ মাদরাসার নানা কাজ করিয়ে দেওয়ার নামে শিক্ষক-

কর্মচারীদের কাছ থেকে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে

একটি চক্রের বিরুদ্ধে। এ নিয়ে শিক্ষক-কর্মচারীদের সতর্ক থাকার

নির্দেশ দিয়েছে মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

রবিবার (২৯ জুন) মাদরাসা শিক্ষা অধিদপ্তর উপপরিচালক

(প্রশাসন) মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার স্বাক্ষরিত এক

বিজ্ঞপ্তিতে এ বিষয়ে সতর্ক বার্তা জারি করা হয়েছে।

এতে বলা হয়, সম্প্রতি মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা-

কর্মচারীদের নাম ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তির

এমপিওভুক্তিকরণ, বিশেষ বরাদ্দ, উচ্চতর ক্ষেত্র, পদোন্নতি,

ডিজিট প্রতিনিধি মনোনয়নে সহযোগিতা, এমপিও শিটে নাম,

পদবি, জন্ম তারিখ সংশোধন, বকেয়া প্রদান, প্রশিক্ষণে শিক্ষক-

কর্মকর্তা মনোনয়ন, ইনডেক্স প্রদান, ইনডেক্স কর্তন, অভিযোগ
নিষ্পত্তিসহ অধিদপ্তরের বিভিন্ন কাজ করিয়ে দেওয়ার প্রলোভন
দেখিয়ে একশ্রেণির প্রতারকচক্র বিকাশ, রকেট, নগদসহ বিভিন্ন
মাধ্যমে টাকা হাতিয়ে নিচ্ছে বলে অভিযোগ উঠেছে।

ইতিমধ্যে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তার নামে
একাধিক প্রতারক চক্র বিভিন্ন মাধ্যমে (হোয়াটস অ্যাপের মাধ্যমে
কর্মকর্তার ছবি ব্যবহার করে) টাকা হাতিয়ে নিয়েছে বলে বেশ
কিছু অভিযোগও পাওয়া গেছে।

বলা হয়, মাদরাসা শিক্ষা অধিদপ্তরে সেবা গ্রহণের ক্ষেত্রে টাকা
প্রদানের প্রয়োজন হয় না। মাদরাসা শিক্ষা অধিদপ্তর সুনির্দিষ্ট
বিধি-বিধানের ভিত্তিতে সেবা প্রদান করে থাকে। অর্থের বিনিময়ে
বা উপহারের বিনিময়ে কোনো কিছুই হওয়ার সুযোগ নেই।

অধিদপ্তরের কার্যক্রম নিয়মিত ওয়েবসাইটে হালনাগাদ করা হয়ে
থাকে। যেসব ফোন নম্বর দিয়ে বিকাশ, রকেট, নগদ বা অন্য
কোনো মাধ্যমে ফোন করে অর্থ দাবি করে, সেসব নম্বর চিহ্নিত
করার জন্য প্রতিষ্ঠান প্রধান বা সংশ্লিষ্ট ব্যক্তিকে মাদরাসা শিক্ষা
অধিদপ্তরে জানাতে বলা হয়েছে। এ ছাড়া কাউকে কোনো অর্থ না
দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নামে কেউ এ
ধরনের অনৈতিক যোগযোগ করলে অধিদপ্তরকে সঙ্গে সঙ্গেই

অবহিত এবং চক্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য

বিশেষভাবে অনুরোধ করা হয়েছে বিজ্ঞপ্তিতে।